দৈনিক সংবাদ

তারিখ 21 JUN 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

126

# টেক্সটাইল কলেজের অধ্যক্ষের অপসারণ দাবিতে সড়ক অবরোধ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলাদেশ কলেজ অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কেন্দ্রীয় ছাত্র সংসদের উদ্যোগে কলেজের অধ্যক্ষের অপসারণের দাবিতে গতকাল রোববার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত টংগী ডাইভারসন রোড অবরোধ করা হয়।

অবরোধশেষে ছাত্র সংসদের ভিপি গোলাম কবির সায়গলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন জাতীয়তাবাদী ছাত্রদলের কলেজ শাখার সভাপতি সৈয়দ সাঈদ মুনীর, ছাত্রলীগের আহ্বায়ক গোলাম কিবরিয়া মাহমুদ, ছাত্র ইউনিয়নের যুগ্ম আহ্বায়ক আজহার আলী।